



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ.বি.এস.১৬৭.৬৬৪

এপ্রিল ৩০, ২০২৪

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক
সকল বাণিজ্যিক ব্যাংক।

বিষয়: বস্ত্রখাতে নগদ সহায়তার জন্য ইস্যুকৃত প্রত্যয়নপত্রে স্বাক্ষর প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি অবহিত যে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের এফ.ই. সার্কুলার-০৯ অনুযায়ী সমিতির সদস্যদের অনুকূলে নগদ সহায়তা প্রাপ্তির লক্ষ্যে Certificate of Production ইস্যু করে আসছে। এ প্রসঙ্গে আপনাকে অবহিত করছি যে, গত ডিসেম্বর ৩, ২০২৩ তারিখে বিটিএমএ'র পত্রের (সূত্রঃ বিটিএমএ.বি.এস.১৬৭.৯৪৯) মাধ্যমে আপনাকে অবহিত করা হয়েছিল যে বিটিএমএ -এর অ্যাডিশনাল সেক্রেটারী জেনারেল জনাব মনসুর আহমেদ সমিতি থেকে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে প্রত্যয়নপত্র তথা Certificate of Production-এ স্বাক্ষর করবেন। তদনুযায়ী জনাব মনসুর আহমেদ Certificate of Production-এ স্বাক্ষর করে আসছিলেন।

এ প্রসঙ্গে আপনাকে আরো অবহিত করছি যে গত ২৯ এপ্রিল, ২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)'র পরিচালনা পর্যদের এপ্রিল ২০২৪ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) কে বিটিএমএ'র সেক্রেটারী জেনারেল হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। ইতোমধ্যেই জনাব মোঃ জাকির হোসেন অদ্য ৩০ এপ্রিল ২০২৪ তারিখে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশনের সেক্রেটারী জেনারেল হিসেবে যোগদান করেছেন। তিনি বিটিএমএ'র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে তাঁর উপরে অর্পিত দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায় সমিতি হতে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে প্রত্যয়নপত্র তথা Certificate of Production -এ ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) এর নাম অন্তর্ভুক্ত করা প্রয়োজন। এখন হতে তিনিই সমিতির পক্ষ থেকে Certificate of Production -এ স্বাক্ষর করবেন।

উপরোক্ত বর্ননার আলোকে সমিতির সেক্রেটারী জেনারেল ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.) তার পদবী সম্বলিত সিল ব্যবহারের মাধ্যমে বস্ত্রখাতে নগদ সহায়তা গ্রহণের লক্ষ্যে এ সম্পর্কিত Certificate of Production-এ স্বাক্ষর করছেন।


ব্রিগেডিয়ার জেনারেল মো জাকির হোসেন (অব.), সেক্রেটারী জেনারেল, বিটিএমএ'র নমুনা স্বাক্ষর নিম্নে প্রদান করা হলো:

১। _____
২। _____

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,


মোহাম্মদ আলী খোকন
প্রেসিডেন্ট